

## 💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযা বিষয়ে প্রশ্নাবলী

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয় ইব্ন আব্দুলাহ ইব্ন বায় রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ২২ - বালকদের জানাযায় কোন দো'আ পড়বে?

উত্তর - বড়দের জন্য যে দো'আ পড়া হয় বালকদের জন্য অনুরূপ দোয়াই পড়বে। হ্যাঁ, তাদের জন্য সহিহ হাদিস দ্বারা যে অতিরিক্ত দো'আ প্রমাণিত, তা হচ্ছেঃ

« اللهم اجعله ذخرا لوالديه وفرطا وشفيعا مجابا اللهم أعظم به أجورهما وثقل به موازينهما وألحقه بصالح سلف المؤمنين واجعله في كفالة إبراهيم عليه الصلاة والسلام و قه برحمتك عذاب الجحيم »

"হে আল্লাহ, এই বাচ্চাকে তার পিতা-মাতার জন্য অগ্রবর্তী নেকী ও সযত্নে রক্ষিত সম্পদ হিসাবে কবুল কর এবং তাকে এমন সুপারিশকারী বানাও যার সুপারিশ কবুল করা হয়। হে আল্লাহ, এই বাচ্চার দ্বারা তার পিতা-মাতার সওয়াব আরো বৃদ্ধি কর। এর দ্বারা তাদের নেকীর পাল্লা আরো ভারী করে দাও। আর একে নেককার মুমিনদের অন্তর্ভুক্ত কর এবং তাকে ইবরাহীম আলাইহিস সালামের যিম্মায় রাখ। তাকে তোমার রহমতের দ্বারা দোযখের আযাব হতে বাঁচিয়ে দাও"। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও বলেছেন,

«الطفل يصلى عليه ويدعى لوالديه» (رواه أحمد)

"বাচ্চার উপর নামাজ পড়া হবে, কিন্তু দো'আ তার পিতা-মাতার জন্য করা হবে"। (আহমদ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14955

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন